



W B C L A

News Letter

পশ্চিমবঙ্গ কলেজ গ্রন্থাগারিক সমিতির ত্রৈমাসিক মুখপত্র

Vol. XIII

January 2003 — March 2003

No. 1

সম্পাদকীয়

কলেজ গ্রন্থাগারিকদের মূল সমস্যাগুলি, যথা—পদমর্যাদা, ও চাকুরীর শর্তাবলী প্রভৃতি সমাধান এয়াবৎ হয়নি। প্রায় দুই দশক ধরে পশ্চিমবঙ্গ কলেজ গ্রন্থাগারিক সমিতি উক্ত বিষয়ে সংশ্লিষ্ট কর্তৃপক্ষের কাছে আবেদন-নিবেদন, আন্দোলন করেছে। দুঃখের বিষয় আজও মূল সমস্যার সমাধান করা হচ্ছে না। বিগত ১৯৭৯ সালে কলকাতা বিশ্ববিদ্যালয়গুলির আইন প্রণীত হয়, এবং এই আইন অনুসারে অন্যান্য বিশ্ববিদ্যালয়গুলির আইনও প্রণীত হয়। কিন্তু আইনে গ্রন্থাগারিকদের কলেজ শিক্ষক ও অশিক্ষক কর্মীদের থেকে পৃথক একটি শ্রেণীর কর্মী হিসেবে গণ্য করতে গিয়ে চরম বিভ্রান্তির সৃষ্টি করেছে। কলকাতা বিশ্ববিদ্যালয়, বর্ধমান বিশ্ববিদ্যালয়, বিদ্যাসাগর বিশ্ববিদ্যালয়, উত্তরবঙ্গ বিশ্ববিদ্যালয় গ্রন্থাগারিকদের পদমর্যাদা ও চাকুরীর শর্তাবলী বিষয়ে একক ভাবে কোন সিদ্ধান্ত নেয়নি। বিভিন্ন বিশ্ববিদ্যালয় ভিন্ন ভিন্ন বিষয়ে ভিন্ন ভিন্ন সিদ্ধান্ত গ্রহণ করে কলেজ গ্রন্থাগারপেশা এবং গ্রন্থাগারমুখী শিক্ষাব্যবস্থাকে হতাশজনক অবস্থায় আনা হয়েছে।

উচ্চশিক্ষা ব্যবস্থায় কলেজ গ্রন্থাগারগুলির গুরুত্ব অনস্বীকার্য। বিভিন্ন শিক্ষা কমিশন, কেন্দ্রীয় সরকার, রাজ্য সরকার, জ্ঞানী-গুণী ব্যক্তিগণ একবাক্যে স্বীকার করেছে। কিন্তু বাস্তবে আশানুরূপ ফল পাওয়া যাচ্ছে না। পশ্চিমবঙ্গ সরকার কলেজগ্রন্থাগারিকদের পদমর্যাদা ও চাকুরীর শর্তাবলী বিষয়ে নিরুত্তর। সমিতি সাধ্যমতো সমস্যা সমাধানে প্রচেষ্টা অব্যাহত রেখেছে। এতদসত্ত্বেয় আজ পর্যন্ত কোন আশার আলো জ্বলেনি। সেজন্য সমিতিকে উচ্চ ন্যায়ালয়ের দ্বারস্থ হতে বাধ্য করা হচ্ছে। এজন্য সকল গ্রন্থাগারিক বন্ধুদের সাহায্য ও সহযোগিতা কামনা করি।

প্রসঙ্গতঃ উল্লেখ করি, অতীতে সমিতি আলোচ্য বিষয়ে বহুবার আন্দোলন করেছে। শুধু আমাদের সমিতি নয় অন্যান্য শিক্ষক সংগঠন, গ্রন্থাগার সংগঠনগুলিও এ বিষয়ে বহুবার বিভিন্নভাবে আন্দোলন করেছে। বর্তমান প্রজন্মের অনেকেরই বিষয়টি সম্পর্কে স্পষ্ট ধারণা নেই। তাই এই সংখ্যা থেকে শুরু করে কলেজ গ্রন্থাগারিকদের পদমর্যাদা, চাকুরীর শর্তাবলী প্রভৃতি বিষয়ে “অতীত প্রেক্ষাপট” শিরোনামে বিভিন্ন তথ্যাদি পরিবেশিত হবে। গ্রন্থাগারিক বন্ধুগণ অনেক অজানা তথ্যাদি জানতে পারবেন এবং স্ব স্ব পেশায় নিজেদের দায় দায়িত্ব সম্পর্কে আরও সচেতন হবেন।

পরিশেষে, সকলস্তরের গ্রন্থাগারিক বন্ধুদের এ বিষয়ে সর্বতোভাবে সাহায্য এবং সহযোগিতা করার অনুরোধ করি। আমার দৃঢ় বিশ্বাস সকলের ঐকান্তিক প্রচেষ্টায় অচিরেই মূল সদস্যর সমাধান হবে।